

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.১১৪৬

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৯

১১ অক্টোবর ২০২২

বিষয়: চট্টগ্রাম সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে নৌপথে ১৬০০০ মে.টন ঢালা গমের চলাচল উপসূচি  
(উপসূচি নং-২০/১)

সূত্র: চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা এর ১০/১০/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.১১৪৩  
নং স্মারক

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে নৌপথে ১৬০০০ মে.টন ঢালা গমের চলাচলসূচি জারির প্রেক্ষিতে নিম্নোক্তভাবে চলাচল উপসূচি নির্দেশক্রমে জারি করা হলো। একইসাথে, ঠিকাদার কর্তৃক পণ্যের নিরাপত্তা জামানত অনুযায়ী জাহাজ বোঝাই দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

ক্র. নং	ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম	শ্রেণি ও লট নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক কেন্দ্র	পণ্য	পরিমাণ (মে.টন)	রুট
১.	মেসার্স গ্লোবাল মার্কেন্টাইল শিপিং এন্ড ট্রেডিং	মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম লট নং ১(ক)	চট্টগ্রাম সাইলো	নারায়ণগঞ্জ সাইলো	ঢালা গম	২০০০	নৌপথ
২.	” ফয়সাল নেভিগেশন	এ	এ	এ	এ	২০০০	এ
৩.	” এস.টি ট্রেডিং ইন্টারন্যাশনাল	এ	এ	এ	এ	২০০০	এ
৪.	” মীম শরৎ কনস্ট্রাকশন	এ	এ	এ	এ	২০০০	এ
৫.	” ইরা কর্পোরেশন	এ	এ	এ	এ	২০০০	এ
৬.	” ফারুক ব্রাদার্স শিপিং লাইন্স	এ	এ	এ	এ	২০০০	এ
৭.	” কাজী সাহিদুর রহমান	এ	এ	এ	এ	২০০০	এ
৮.	” এম.ভি শাহজালাল নেভিগেশন লিঃ- মেসার্স বাবুল ট্রান্সপোর্ট এন্ড কোং (জেভিসিএ)	এ	এ	এ	এ	২০০০	এ
					মোট =	১৬০০০	

#### নির্দেশনাসমূহ:

১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এবং সাইলো অধীক্ষক, চট্টগ্রাম, উপ-সূচি জারি/ বোঝাইয়ের পূর্বে জাহাজ/ কোস্টারের ঢালা গম পরিবহনের উপর্যুক্ততা, সার্ভে সার্টিফিকেট, বে-ক্রসিং সার্টিফিকেট, সেইফটি ইকুইপমেন্ট সার্টিফিকেটের মূল/সত্যায়িত কপি ও অন্যান্য তথ্যাদি অবলোকন/ যাচাই পূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন;

২। পরিবহণ ঠিকাদার কর্তৃক সাধারণ বীমা কর্পোরেশন হতে বোঝাইতব্য পরিমাণ পণ্যের বীমা খাদ্য বিভাগের অনুকূলে গ্রহণপূর্বক চসনি চট্টগ্রাম/সাইলো অধীক্ষক চট্টগ্রাম দপ্তরে জমা দিয়ে গম পরিবহণ করাবেন;

৩। প্রতি বার্জ/নৌযানে প্রেরিত চালের নমুনা অবশ্যই যৌথ সাক্ষর সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে;

৪। সূচির মেয়াদ শেষ হওয়ার পর অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

৫। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

৬। এই সূচির মেয়াদ আগামী ২০/১০/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে এবং চলাচল সংক্রান্ত যাবতীয় নীতিমালা পালন করতে হবে;

৭। প্রেরণকারী সাইলো অধীক্ষক প্রতি সপ্তাহে প্রেরিত পরিমাণ গমের পর্যবেক্ষণ প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন;

৮। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১১-১০-২০২২

মোঃ ফজলে রাব্বী হায়দার  
উপপরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
- ২) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো
- ৩) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.১১৪৬/১(৮)

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৯  
১১ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ৪) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম

৭) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৮) মেসার্স ....., মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম, নৌ পরিবহণ ঠিকাদার



১১-১০-২০২২

মোঃ ফজলে রাকী হায়দার

উপপরিচালক